

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ০৪/০৬/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ৯৮৬/২০২৬

যেহেতু, জনাব মোঃ কবীর আহমেদ, সহকারী, দক্ষিণ-ব-দ্বীপ শাখা, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল এর নামে প্রচারিত একটি ভিডিও ফুটেজে লক্ষ্য করা যায় যে, তিনি নিজ দপ্তরে বসে নিজ মুখে সংশ্লিষ্ট কর্মচারীদের নিকট হতে বার্ষিক বেতন বৃদ্ধি এবং শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর সংক্রান্ত প্রয়োজনীয় কাজের বিনিময়ে সরাসরি অর্থ দাবি করেন; এ সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৪৭৫/২০২৫; তারিখঃ ২০/০৮/২০২৫ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ কবীর আহমেদ, সহকারী (সাময়িক বরখাস্তকৃত) দক্ষিণ-ব-দ্বীপ শাখা, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর উক্তরূপ কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি, এতে কর্তৃপক্ষের সুনাম ক্ষুণ্ণ হয়েছে; যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫(খ) প্রবিধান অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ৩১৮. ২০২৫/২২৯, তারিখঃ ০৯/০৯/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তিনি গত ২৪/০৯/২০২৫খ্রিঃ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে গুরু দণ্ড আরোপের উদ্দেশ্যে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২)(গ) মোতাবেক কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৪৭৯/২০২৬; তারিখঃ ১১/০৩/২০২৬খ্রিঃ দ্বারা জনাব মোঃ মামুন হোসেন, অতিরিক্ত-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১০/০৫/২০২৬খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন; যেহেতু, তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ কবীর আহমেদ, সহকারী (সাময়িক বরখাস্তকৃত) এর নামে প্রচারিত ভিডিও ফুটেজটি সত্য, তবে অর্থ লেনদেনের সত্যতার প্রমাণ পাওয়া যায়নি; কিন্তু প্রচারিত ভিডিও ফুটেজের ফলে কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে; যেহেতু, তদন্ত প্রতিবেদন সহ নথি চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব মোঃ কবীর আহমেদ, সহকারী (সাময়িক বরখাস্তকৃত) এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক "তিরষ্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ কবীর আহমেদ, সহকারী, দক্ষিণ-ব-দ্বীপ শাখা, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক "তিরষ্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো; তিনি একই পদে বন্দর ও পরিবহন বিভাগ, চাঁদপুর নদী বন্দর, বিআইডব্লিউটিএ, চাঁদপুর কাজে যোগদান করবেন;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)


বিআইডব্লিউটিএ

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩১৮.২০২৫/৫০৪

তারিখঃ ০৪/০৬/২০২৬খ্রিঃ

অনুলিপি

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৬। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। যুগ্ম-পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৮। উপ-পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, চাঁদপুর নদী বন্দর, বিআইডব্লিউটিএ, চাঁদপুর।
- ০৯। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ১০। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১১। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, চাঁদপুর।
- ১২। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১৩। জনাব মোঃ কবীর আহমেদ, সহকারী, বন্দর ও পরিবহন বিভাগ, চাঁদপুর নদী বন্দর, বিআইডব্লিউটিএ, চাঁদপুর।
- ১৪। ব্যক্তিগত নথি।



পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।